জান্নাতুন নাহার
আইডি নং-২৬০০৪
সহকারী পরিচালক (দাখিল ও এবতেদায়ী)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

দাখিল ও এবতেদায়ী মাদ্রাসা শাখা

গাইড হাউস (৭ম ও ১০ম তলা)নিউ বেইলী রোড, ঢাকা।

www.dme.gov.bd

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৪.৩৪.০০৫.২২.১০১

তারিখ: ৫ মাঘ ১৪২৯
১৯ জানুয়ারি ২০২৩

বিষয়: **ব্রাহ্মণবাড়িয়া জেলার কসবা উপজেলাধীন কসবা মহিলা দাখিল মাদ্রাসায় কর্মরত এমপিওভুক্ত ১২ জন শিক্ষক-কর্মচারীর বিদ্যমান এমপিও শিটে পদবী ও বিষয় সংযোজন/সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

সূত্র: (০১) USEO, কসবা, ব্রাহ্মণবাড়িয়া এর স্মারক নং- উমাশিঅ/কসবা/২০২২/৪৬৬; তাং: ০২/১১/২০২২খ্রি., মাশিঅ ডকেট নং: ১৯৪৩৯; তাং: ০৩/১১/২০২২খ্রি.

(০২) তদন্ত কমিটির প্রতিবেদনের স্মারক নং-৫৭.২৫.০০০০.০১০.১৫.০০৫.২২-১৪২; তাং:২২/১২/২০২২ ডকেট-২৬৫৫২; তাং-২২/১২/২০২২ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে ব্রাহ্মণবাড়িয়া জেলার কসবা উপজেলাধীন কসবা মহিলা দাখিল মাদ্রাসায় কর্মরত এমপিও ভুক্ত ১২ জন শিক্ষক-কর্মচারীর বিদ্যমান এমপিও শিটে পদবী ও বিষয় সংযোজন/সংশোধনের আবেদন সূত্রোস্থ (০১) নং স্মারকে USEO, কসবা , ব্রাহ্মণবাড়িয়া এর মাধ্যমে বর্ণিত মাদ্রাসার সুপারের আবেদন অত্র অধিদপ্তরে অগ্রায়ণ করা হয়।

০২। উল্লিখিত আবেদনটি নিষ্পত্তির লক্ষ্যে যাচাই-বাছাই ও তদন্তপূর্বক প্রমাণকসহ সুনির্দিষ্ট মতামত প্রদানপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য মোসাম্মৎ ফেরদৌসী আলম পরিদর্শক (সহযোগী অধ্যাপক) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর-কে দায়িত্ব প্রদান করা হয়। সূত্রোক্ত ০২ নং স্মারকে তদন্ত কমিটি প্রতিবেদন দাখিল করেন। প্রতিবেদনের সুপারিশসহ মতামত নিম্নরূপ: "MPO শীটে উল্লেখিত শিক্ষক-কর্মচারীর পদবী ও বিষয় নির্ধারণপূর্বক শিক্ষক-কর্মচারীর স্বাক্ষরযুক্ত তালিকা দাখিল করেছেন যা মাদ্রাসার ম্যানেজিং কমিটি কর্তৃক রেজুলেশনে সুপারিশকৃত এবং সকল শিক্ষক-কর্মচারীর স্বাক্ষরযুক্ত বেতন বিবরণী দাখিল করেছেন। মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের ২৪ মার্চ ২০২২ ০৯ তারিখের ৫৭.২৫.০০০০.০০২.০৮.০০৫.২১-২৫ নং স্মারকের নির্দেশনা অনুযায়ী ব্রাহ্মণবাড়িয়া জেলার কসবা উপজেলাধীন কসবা মহিলা দাখিল মাদ্রাসার উপরিউক্ত ছকে বর্ণিত মোট ১২ জন শিক্ষক-কর্মচারীর এমপিও শীটে প্রার্থীত পদবীসহ বিষয় সংযোজনের সুপারিশ করা হলো। "

০৩। তদন্ত কমিটির প্রতিবেদনের মতামত, USEO, কসবা, ব্রাহ্মণবাড়িয়া এর সুপারিশসহ অগ্রায়ণ এবং প্রতিকারপ্রার্থী/সুপারের দাখিলকৃত ডকুমেন্টস এর ভিত্তিতে বিদ্যামন এমপিওশীটের নিম্নে বর্ণিত শিক্ষক/কর্মচারীর পদবী ও বিষয় নিম্নরূপে নির্ধারণ করা হলোঃ

| ক্রম নং: | নাম ও ইনডেক্স | এমপিও শীটে বিদ্যমান পদবী ও বিষয় | কমিটির সুপারিশ মতে | | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | পদবী | বিষয় | |
| ০১ | PARUL AKTER, C2005849 | পদবী: AT<br>বিষয়:SOCIOLOGY | পদবী বিদ্যমান | BANGLA | সংশোধনযোগ্য |
| ০২ | MOSAMMAT NULOFA BAGUM, C2005851 | পদবী: AT<br>বিষয়: SOCIOLOGY | AT | SOCIAL SCIENCE | সংশোধনযোগ্য |
| ০৩ | MUSAMMAT SAYEDA ASMA AKTER, C2019794 | পদবী: PHT<br>বিষয়: নাই | AT | PHYSICAL EDUCATION | সংশোধনযোগ্য |
| ০৪ | MUHAMMAD SHAWKAT ALI, N2110285 | পদবী: AGT<br>বিষয়: নাই | AT | AGRICULTURE | সংশোধনযোগ্য |
| ০৫ | MD BILLAL HOSSAIN, N2122063 | পদবী: COMPT<br>বিষয়: COMPUTER | AT | INFORMATION AND COMMUNICATION TECHNOLOGY | সংশোধনযোগ্য |
| ০৬ | MD MONIRUZZAMAN, N2129592 | পদবী: AT<br>বিষয়: SCIENCE | পদবী বিদ্যমান | PHYSICAL SCIENCE | সংশোধনযোগ্য |
| ০৭ | MD SAIFUL ISLAM, C2005854 | পদবী: J.M<br>বিষয়: নাই | EB-M | বিষয় মুদ্রণের প্রয়োজন নেই। | সংশোধনযোগ্য |
| ০৮ | RENOARA BAGUM, C2005855 | পদবী: JR.T<br>বিষয়: নাই | EB-T | বিষয় মুদ্রণের প্রয়োজন নেই। | সংশোধনযোগ্য |
| ০৯ | MD ZAINUL ABEDIN, C2005856 | পদবী: EB-K<br>বিষয়: নাই | EB-Q | বিষয় মুদ্রণের প্রয়োজন নেই। | সংশোধনযোগ্য |
| ১০ | MD DULAL MIAH, C2005859 | পদবী: নাই<br>বিষয়: নাই | N-GUARD | বিষয় মুদ্রণের প্রয়োজন নেই। | সংশোধনযোগ্য |
| ১১ | MOSAMMAD SALINA AKTER, C2005860 | পদবী: নাই<br>বিষয়: নাই | AYAH | বিষয় মুদ্রণের প্রয়োজন নেই। | সংশোধনযোগ্য |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১২ | MD KHORSHED MIAH, C2011556 | পদবী: নাই<br>বিষয়: নাই | CLEANER | বিষয় মুদ্রণের প্রয়োজন নেই। | সংশোধনযোগ্য |

০৪। এমতাবস্থায়, USEO, কসবা ,ব্রাহ্মণবাড়িয়া এর সুপারিশসহ অগ্রায়ণ, প্রতিকার প্রার্থীগণের আবেদন, ম্যানেজিং কমিটির সুপারিশ, পদবী-বিষয় উল্লেখ পূর্বক সকল শিক্ষক/কর্মচারীর স্বাক্ষরযুক্ত শীট, বিদ্যমান এমপিও শীট পর্যালোচনা এবং তদন্ত কমিটির সুপারিশের ভিত্তিতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে উপরিউক্ত ছকে বর্ণিত ১২ জন শিক্ষক-কর্মচারীর পদবী ও বিষয় বিদ্যমান এমপিও শীটে সংশোধন/সংযোজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো এবং যথাযথ ব্যবস্থা গ্রহণপূর্বক বাস্তবায়ন প্রতিবেদন (Compliance Report) দাখিলের জন্যও অনুরোধ করা হলো।

শর্তসমূহ: ১। পরবর্তীতে কোন তথ্য ভুল/মিথ্যা প্রমাণিত হলে সংশ্লিষ্ট আবেদনকারী, সংশ্লিষ্ট মাদ্রাসা প্রধান, সংশ্লিষ্ট তদন্তকারী কর্মকর্তা দায়ী থাকবে।

০২। সরকারের অর্থের কোন প্রকার অপচয়/তছরুফ হলে সংশ্লিষ্ট আবেদনকারী, মাদ্রাসা উক্ত অর্থ ফেরত দিতে বাধ্য থাকিবে।

০৩। উপরিউক্ত ছকে বর্ণিত ক্রমিক নং-০১ হতে ১২ এর পদবী ও বিষয় পরিবর্তন/সংশোধন/সংযোজন হলে প্রতিকার প্রার্থীগণকোনরূপ বকেয়া দাবী করতে পারবে না।

০৪। এতদসংক্রান্ত দাখিলকৃত নিয়োগ/সনদ/প্রাপ্যতা ও অন্যান্য ডকুমেন্টস ভুল/মিথ্যা/জাল প্রমাণিত হলে প্রতিকারপ্রার্থী সরকারের যে কোন আইনানুগ শাস্তি গ্রহণে বাধ্য থাকবে।

০৫। পরবর্তীতে এতদসংক্রান্ত কোন ডকুমেন্টস/তথ্যাদি ভুল/মিথ্যা/জাল প্রমাণিত হলে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর তাৎক্ষণিকভাবে অত্র আদেশ সম্পূর্ণ/আংশিক বাতিল কিংবা সংশোধন করতে পারবে। এতে কোনরূপ আপত্তি উত্থাপন/আইনের আশ্রয় গ্রহণ করা যাবে না।

সংযুক্তি: ১। তদন্ত প্রতিবেদন।

২। পদবী-বিষয় উল্লেখ পূর্বক সকল শিক্ষক/কর্মচারীর স্বাক্ষরযুক্ত শীট।

৩। মাদ্রাসার সুপারের আবেদন/অগ্রায়ণ।

১৯-১-২০২৩
হাবিবুর রহমান
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং প্রকল্প পরিচালক, সেমিস,
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

তারিখ: ৫ মাঘ ১৪২৯
১৯ জানুয়ারি ২০২৩

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৪.৩৪.০০৫.২২.১০১/১(৬)

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
২) উপ-পরিচালক (প্রশাসন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর (মাশিঅ-এর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৩) সহকারী পরিচালক (অর্থ) এবং সদস্য সচিব, এমপিও কমিটি, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
৪) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কসবা, ব্রাহ্মণবাড়িয়া
৫) সভাপতি/সুপার/প্রতিকার প্রার্থী/ কসবা মহিলা দাখিল মাদ্রাসা, কসবা, ব্রাহ্মণবাড়িয়া
৬) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

১৯-১-২০২৩
জান্নাতুন নাহার
সহকারী পরিচালক